54

দৈনিক ইনকিলাব

তারিখ 24 SEP 1994
পৃষ্ঠা ১০ কলাম ৬

### প্রাথমিক শিক্ষক সমিতির গণজমায়েত ঃ মিছিল

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির গণসংযোগ কর্মসূচীর অংশ হিসেবে গতকাল রাজধানীর শাপলা চত্বরে এক গণজমায়েত অনুষ্ঠিত হয়। শাপলা চত্বর থেকে এক বিরাট মিছিল শুরু হয়ে জাতীয় প্রেস ক্লাবে গিয়ে সমাবেশে মিলিত হয় সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক, সহ-সভানেত্রী মনোয়ারা বেগম, সমিতির নেতা আলতাফ হোসেন, হারুনুর রশীদ, লেহাজউদ্দীন, বি এম আসাদুল্লাহ প্রমুখ। সমাবেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের মাধ্যমে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে সমিতির ১১ দফা দাবী অবিলম্বে বাস্তবায়নের আহবান জানানো হয়। এদিকে সমিতির পঞ্চম প্রতিনিধি পরিষদের দ্বিতীয় অধিবেশনের ঘোষণায় বলা হয়, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নে প্রাথমিক শিক্ষার আঙ্গিক ও প্রশাসনিকসহ সকল দায়িত্ব সম্পূর্ণভাবে সরকারকে বহন করতে হবে। অনুদান প্রথা বাতিল করে অবিলম্বে সকল বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণসহ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ১১ দফা দাবী বাস্তবায়ন করতে হবে।

অপরদিকে গতকাল সকাল ১০টায় মীরপুরস্থ প্রাথমিক শিক্ষক ভবনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ ফজলুর রহমানের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ২৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে ব্যাপক জনমত গঠনের উদ্দেশে জেলা পর্যায়ে সভা-সমাবেশ ও মিছিলের কর্মসূচী গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।